দৈনিক সংবাদ

তারিখ 26 AUG 199[illegible]
পৃষ্ঠা ১ কলাম ৪

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# সঞ্জয় হত্যাকাণ্ডের আসামি শিবির নেতা গ্রেফতার

চ. বি. সংবাদদাতা ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় বর্ষের ছাত্র সঞ্জয় তলাপাত্রের হত্যা মামলার অন্যতম আসামি ইসলামের ইতিহাস শেষ বর্ষের ছাত্র শেখ নাছিরউদ্দিনকে পুলিশ সোমবার রাত সাড়ে ৮টায় সোহরাওয়ার্দী হল থেকে গ্রেফতার করেছে। সে ছাত্রশিবিরের সোহরাওয়ার্দী

শিবির ঃ পৃঃ ১২ কঃ ৬

## শিবির ঃ নেতা গ্রেফতার

( ১ম পৃষ্ঠার পর )

হল শাখার সভাপতি। এ নিয়ে গ্রেফতারকৃতদের সংখ্যা ৬ জনে উন্নীত হয়েছে।

সঞ্জয়ের হত্যাকারী শিবিরের চিহ্নিত সন্ত্রাসীদের গ্রেফতার ও বিচারের দাবিতে গতকাল ক্যাম্পাস সাধারণ ছাত্রছাত্রীদের মিছিল ও প্রতিবাদে মুখর ছিল। এ সময় সঞ্জয় হত্যা মামলার আসামি শিবির নেতা ইয়ামীর আলি, হান্নান ও বহিরাগতরা পুলিশি হেফাজতে প্রক্টর অফিসের সামনে থেকে শ্লোগান দিতে থাকলে সাধারণ ছাত্রছাত্রীরা বিক্ষোভে ফেটে পড়ে। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন থাকলেও তারা বিক্ষুব্ধ ছাত্রছাত্রীদের নিয়ন্ত্রণ করতে হিমশিম খায়। গতকাল বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস হয়নি। পরিস্থিতি ছিল থমথমে।

সাম্প্রদায়িকতা বিরোধী ছাত্রঐক্য গতকাল চাকসুতে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করে। এতে লিখিত বক্তব্য পাঠ করেন ছাত্র ইউনিয়ন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক আহসান কবীর বেঙ্গল। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ছাত্রলীগ চ· বি· সাধারণ সম্পাদক মোঃ কলিম, ছাত্রনেতা কামাল উদ্দিন, এনামুল হক চৌধুরী, শফিকুল ইসলাম, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট চ· বি সভাপতি খোকন দাস প্রমুখ।

নেতৃবৃন্দ অভিযোগ করে বলেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিবিরের হাতে একের পর এক লাশ পড়লেও বিশ্ববিদ্যালয় প্রশাসন হত্যাকারীদের বিরুদ্ধে আদৌ শাস্তিমূলক ব্যবস্থা নিতে ব্যর্থ হয়েছে। বিশ্ববিদ্যালয়ের হাজার হাজার ছাত্রছাত্রী আজ নিরাপত্তাহীন। সম্মেলনে নেতৃবৃন্দ তিন দফা দাবি পেশ করেন। দাবিগুলো হলো পিতামাতার একমাত্র সন্তান সঞ্জয় হত্যাকারী শিবিরের সন্ত্রাসীদের গ্রেফতার, বিশ্ববিদ্যালয় শাটল ট্রেন ও বাসে নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা এবং অতীতের সকল হত্যাকাণ্ডের সুষ্ঠু বিচারের ব্যবস্থা করা।